

স্মারক নং-১২.১৬.৮৫০০.০৩৯.০৪.০৩৯.১৩/২১৮(৬)

তারিখঃ- ০৫/০২/২০১৮ খ্রি.

অভিযোগনামা (প্রথম কারণ দর্শানোর নোটিশ) :

আপনি জনাব বিপ্রব কুমার সরকার, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, সদর, কুড়িগ্রাম গত ১৩/০৫/২০১৮ খ্রি. তারিখ হতে অদ্যাবধি উদ্ধর্তন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ ব্যাপারে উপজেলা কৃষি অফিসার, সদর, কুড়িগ্রাম কর্তৃক ২০/০৫/২০১৮ খ্রি. তারিখ হতে ০৭(সাত)টি পত্রের মাধ্যমে কৈফিয়ত তলব করে পত্র প্রেরণ করেন। কিন্তু আপনি জনাব বিপ্রব কুমার সরকার, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, সদর, কুড়িগ্রাম কোন জবাব দাখিল না করায় উপজেলা কৃষি অফিসার, সদর, কুড়িগ্রাম অতিরিক্ত কৃষি অফিসার জনাব মাকসুম ইফতেখার সিদ্দিকা এর মাধ্যমে আপনার কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে তদন্ত করেন। তদন্ত প্রতিবেদনে দেখা যায় আপনি বর্তমানে কোথায় অবস্থান করছেন তার সুস্পষ্ট কোন তথ্য পাওয়া যায় নাই। যা একজন সরকারী চাকুরিজীবী হয়ে এহেন কার্যকলাপ মোটেও কাম্য নহে।

যেহেতু, আপনি জনাব বিপ্রব কুমার সরকার, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, সদর, কুড়িগ্রাম। আপনার উদ্ধর্তন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম দপ্তর স্মারক নং-১৮২০(৫), তারিখ-১৭/১২/২০১৮ খ্রি. মোতাবেক ০২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেন। তদন্ত কমিটি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্ত করে তদন্ত প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ করেন। উক্ত দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে সন্দেহাতিতভাবে প্রতিয়মান হয় যে আপনি জনাব বিপ্রব কুমার সরকার, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, সদর, কুড়িগ্রাম উদ্ধর্তন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে দেশ ত্যাগ করেছেন। যা একজন সরকারী কর্মকর্তা হয়ে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতসহ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে দেশ ত্যাগ করা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর পরিপন্থি ও শাস্তিযোগ্য অপরাধ।

যেহেতু, আপনি জনাব বিপ্রব কুমার সরকার, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, সদর, কুড়িগ্রাম। আপনার অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত দাণ্ডিক কাজকর্মে উদাসীনতা ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের আদেশের প্রতি শঙ্কশীল নয় মর্মে প্রতিয়মান হয়। আপনার অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির কারণে বিভাগীয় ভাবমূর্তি জনসম্মুখে ক্ষুণ্ণ হয়েছে, যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধির পরিপন্থী। আপনার উপর তর্পিত দায়িত্ব সার্বিকভাবে পালনে উদাসীনতায় চরম গাফিলতির প্রমান বহন করে এবং আপনার এহেন কার্যক্রম সরকারি নিয়ম নির্দেশনার পরিপন্থী ও অসদাচারের আশ্রয়ভুক্ত যা শাস্তিযোগ্য অপরাধ। আপনার উপর্যুক্ত কার্যক্রমের জন্য আপনাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর অর্থিক বিধি ৩(বি) ধারায় বর্ণিত অসদাচারের অপরাধে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করা হলো।


এক্ষনে, আপনাকে বিধি বহির্ভূতভাবে কর্মস্থলে অনুপস্থিত ও কর্তৃপক্ষের বিনা অনুমতিতে দেশ ত্যাগ করার কারণে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি -৪(৩)(সি) অনুযায়ী চাকরি হতে অপসারণ কিংবা উক্ত বিধিমালায় আওতায় অন্য কোন শাস্তি প্রদান করা হবেনা, তদন সন্তোষজনক কারণ ব্যাখ্যাসহ জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগত স্তনানীর সুযোগ গ্রহন করতে আশ্রয়ী কিনা তা পত্রে উল্লেখ করতে হবে।

প্রাপক

জনাব বিপ্রব কুমার সরকার
উপসহকারী কৃষি কর্মকর্তা
উপজেলা কৃষি অফিস, সদর, কুড়িগ্রাম

স্থায়ী ঠিকানা :

জনাব বিপ্রব কুমার সরকার,
পিতা- ভদ্রমোহন সরকার
গ্রাম- শিবনাথের বশ, ডাক - শালমারা
উপজেলা- নাগেশ্বরী, জেলা-কুড়িগ্রাম।


(নোঃ শাহ আলম)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর

স্মারক নং-১২.১৬.৮৫০০.০৩৯.০৪.০৩৯.১৩/

তারিখঃ-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
২. দৃষ্টি আকর্ষণ : উপপরিচালক (লিগ্যাল ও সাপোর্ট সার্ভিসেস), প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫।
উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
উক্ত কর্মকর্তার অভিযোগনামা (প্রথম কারণ দর্শানোর নোটিশ)টি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম।
৪. উপজেলা কৃষি অফিসার, সদর, কুড়িগ্রাম।